রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ২২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৯, ২০২৫**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৪৯—৪৫৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭২৫—৭৩৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৫—২৫১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৯৭—৮১২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২১—২২ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২২ বৈশাখ ১৪৩২/০৫ মে ২০২৫

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০১০.২০.২৫২**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার মোঃ মাহবুব হোসেন, (এক্স)(এইচ ৪), বিএন (পি নং ৬৫৯)- কে ২৩ ফেব্রুয়ারি ২০০২ তারিখ থেকে নৌ অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌ প্রবিধান, ১৯৬১ এর অনুচ্ছেদ ০৮০১(এফ) ও ০৮০৭(এ) মোতাবেক প্রশাসনিক আদেশে নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**বহিরাগমন-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩২/২৭ এপ্রিল ২০২৫

নং **৫৮.০০.০০০০.০৪৩.৯৯.০০২.২৪.১৯৭**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর মামলা নম্বর: ৯, তারিখ: ২১-০৬-২০২২ এ দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর চার্জশিট নম্বর: ১১, তারিখ: ১৭-০২-২০২৫ খ্রিঃ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে।

০২। সেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট- কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯ (২) এর বিধান মোতাবেক ১৭-০২-২০২৫ তারিখ হতে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৪ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ এপ্রিল ২০২৫

নং **১২.০০.০০০০.০৫৫.২৭.০৮৬.২৫-৪৪৩**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব রেহনুমা নওরীন (পরিচিতি নং-৩০০৫), উপজেলা কৃষি অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর -এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এবং ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ ও দুর্নীতি' এর বিরুদ্ধে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি বিতরণে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০৭১. ২৪.২৭৮ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে ০৪/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। যেহেতু, জনাব রেহনুমা নওরীন (পরিচিতি নং-৩০০৫), উপজেলা কৃষি অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর-অভিযোগনামার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায়, ন্যায় বিচারের স্বার্থে অভিযুক্ত কর্মকর্তা এবং সরকারপক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তার শুনানি গ্রহণ করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব রেহনুমা নওরীন (পরিচিতি নং-৩০০৫) এবং সরকারপক্ষে নথি উপস্থাপনকারীর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এবং ৩(ঘ) বিধিমতে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) মোতাবেক জনাব রেহনুমা নওরীন (পরিচিতি নং-৩০০৫), উপজেলা কৃষি অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর -কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা (বিভাগীয় মামলা-০৪/২০২৫) হতে অব্যাহতি প্রদান করা হলো। এ মন্ত্রণালয়ের ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০৭১.২৪.২৭৮ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখ হতে সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া সকল বেতন ভাতাদি ও প্রাপ্য যাবতীয় সুবিধা পাবেন।

০৫। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

নং **১২.০০.০০০০.০৫৫.২৭.০৮৭.২৫.৪৪৪**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কর্মকর্তা জনাব মোঃ আলমগীর কবির (পরিচিতি নং-২৭৮১), অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) (সাময়িক বরখাস্ত) উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর (সাবেক কর্মস্থল উপজেলা কৃষি অফিস, পূর্বধলা, নেত্রকোণা)- এর বিরুদ্ধে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি বিতরণে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০৭১.২৪.২৮২ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে ০৫/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ আলমগীর কবির (পরিচিতি নং-২৭৮১) অভিযোগনামার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায় ন্যায় বিচারের স্বার্থে অভিযুক্ত কর্মকর্তা ও সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তার শুনানি গ্রহণ করা হয়।

৩। যেহেতু, জনাব মোঃ আলমগীর কবির (পরিচিতি নং-২৭৮১)-এর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্য পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: আলমগীর কবির (পরিচিতি নং-২৭৮১), অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) (সাময়িক বরখাস্ত) উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর (সাবেক কর্মস্থল উপজেলা কৃষি অফিস, পূর্বধলা, নেত্রকোণা)- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩ (ঘ) বিধিমতে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, জনাব মোঃ আলমগীর কবির (পরিচিতি নং-২৭৮১)- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২) (ক) মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি দিয়ে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা (বিভাগীয় মামলা-০৫/২০২৫) নিষ্পত্তি করা হলো। এ মন্ত্রণালয়ের ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৫৫. ২৭.০৭১.২৪.২৮২ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে ০৮-১২-২০২৪ খ্রিঃ তারিখ হতে সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া সকল বেতন ভাতাদি ও প্রাপ্য যাবতীয় সুবিধা পাবেন।

৫। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রম

**ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৫**
**এল,এ কেস নং-১৪/১৯৬৯-৭০**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০০৯

নং **ভূঃমঃ/শা-৫/গেঃবিঃ/মাগুরা-০১/২০০৯-১১০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতবেক ২৪-০৩-১৯৭০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ  সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল:

**তফসিল**

মৌজা: হোগলডাঙ্গা, জে,এল, নং-৩৯, উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা।

| খতিয়ান | দাগ | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ৮০৬ | ১৯৭৭ | ০.২৮ | ০.০২ |
| ১৫৮ | ১৯৭৯ | ০.৪৪ | ০.১৫ |
| ৮০৬ | ১৯৮০ | ০.৫৯ | ০.০৪ |
| ২৯/৫০৩ | ২০৫২ | ৩.২৮ | ০.২০ |

**সর্বমোট =　০.৪১ একর**

জমির নকশা ভূমি অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আমিনুর রহমান**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯২.১৫.০০২.২৩-৪৪২**—ঢাকা জেলার ডেমরা থানাধীন 'বাওয়ানী আদর্শ বিদ্যালয়'টি ৩০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ/১৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ হতে 'বাওয়ানী সরকারি আদর্শ বিদ্যালয়' নামে সরকারি করা হলো।

২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩২/২৯ এপ্রিল ২০২৫

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪৯.২২-১১৬**—যেহেতু, জনাব মোহাম্মদ রিপন হোসেন (৮১৪১৬০০২), উপজেলা নির্বাচন অফিসার, কানাইঘাট, সিলেট (প্রাক্তন কার্যালয়: মতলব উত্তর, চাঁদপুর) এর বিরুদ্ধে ০৯ নভেম্বর ২০২২ তারিখে আরটিভি-তে তার কার্যালয়ে জাতীয় পরিচয়পত্রের সেবায় ঘুষ আদান-প্রদান, হয়রানি ও দুর্ব্যবহারের অভিযোগ প্রচারিত হয়; তার অফিস সহায়ক জনাব মোঃ বাছেদ মিয়া অনৈতিক অর্থ গ্রহণের বিষয়টি স্বীকার করেন এবং এতদ্‌বিষয়ে তিনি অবগত থাকলেও তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করেননি, যা এহেন কার্যে তার সমর্থনের পরিচয় বহন করে। জাতীয় পরিচয়পত্র নং-৬৮৫৭৩২৩৪৭৮ এর সংশোধন আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ১০ (দশ) দিনের মধ্যে তাকে তদন্তের নির্দেশনা প্রদান করলেও তিনি নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিল করেননি;

যেহেতু, প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় শৃঙ্খলা পরিপন্থি কার্যের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩(ঘ) অনুযায়ী "দুর্নীতি পরায়ণতা" এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ রুজু করে অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন এবং ২০-০৩-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করেন;

যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয় এবং মোহাম্মদ মাসউদুর রহমান, উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়- কে তদন্তকারী নিয়োগ করা হয়; তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদণ্ডের সূত্রে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ করা হলে জবাবে তিনি আত্মপক্ষ সমর্থন করেন;

যেহেতু, নথি ও প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং তার দায়িত্বশীলতার অভাব পরিলক্ষিত হওয়ায় 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি  ৪(২)(ক) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ রিপন হোসেন, উপজেলা নির্বাচন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট (প্রাক্তন কার্যালয়: মতলব উত্তর, চাঁদপুর)-কে 'তিরস্কার' দণ্ড প্রদান করে বিভাগীয় মামলা নং ০৩/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ডিএসএল-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/০৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫ (অংশ-১)-৭৩**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূঁইয়া, সাবেক কমিশনার, আয়কর বিভাগ, এনবিআর- কে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০২ (দুই) বছর অথবা বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর যেটি আগে হয়।

২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যানের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি সরকার কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**বাণিজ্য সংগঠন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩২/০৭ মে ২০২৫

নং **২৬.০০.০০০০.১৫৬.৩২.০১৪.৯৪-৪১**—উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের ৩১-১০-২০১২ তারিখের বাম/টিও-১/জি-১৪/৯৪/৪৯৯ নম্বর স্মারকমূলে সিলেট জেলা ট্রাক মালিক গ্রুপের ১৭-০৪-১৯৯৫ তারিখের ৭৫/৯৫ নম্বর লাইসেন্স বাতিল করা হয়।

উক্ত লাইসেন্স সরকারের অনুমোদনক্রমে বহাল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ রেহান উদ্দিন**
মহাপরিচালক ও যুগ্মসচিব
বাণিজ্য সংগঠন অনুবিভাগ।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রশাসন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২/৩০ এপ্রিল ২০২৫

নং **৪৭.০০.০০০০.০৩২.০৬.০৮৬.১৬.১৯৬**—বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)-এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন নির্ধারিত সময়ে অনুষ্ঠিত না হওয়ায় মিল্ক ইউনিয়ন-এর ব্যবস্থাপনা পরিচালক এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে জনস্বার্থে সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে একই আইনের ১৮(৭) ধারা হতে অব্যাহতি প্রদানকরতঃ মিল্ক ইউনিয়ন-এর বিদ্যমান অন্তর্বতী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে আরও ১২০ (একশত বিশ) দিন অর্থাৎ ০৫-০৪-২০২৫ তারিখ হতে ০২-০৮-২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমীনুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**জনসংখ্যা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ বৈশাখ, ১৪৩২/২২ এপ্রিল, ২০২৫

নং **৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০-৫৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় জনসংখ্যা পরিষদ পুনর্গঠন করেছে, যা নিম্নরূপ :

(ক) **জাতীয় জনসংখ্যা পরিষদ পুনর্গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

| | |
|---|---|
| | চেয়ারপারসন |
| ০১। | মাননীয় প্রধান উপদেষ্টা |
| | সদস্যবৃন্দ |
| ০২। | মাননীয় উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় |
| ০৩। | মাননীয় উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় |
| ০৪। | মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০৫। | মাননীয় উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় |
| ০৬। | মাননীয় উপদেষ্টা, খাদ্য মন্ত্রণালয় |
| ০৭। | মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৮। | মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় |
| ০৯। | মাননীয় বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ১০। | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১১। | মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় |
| ১২। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ১৩। | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৪। | সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| ১৫। | সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ১৬। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৭। | সচিব, কৃষি মন্ত্রণালয় |
| ১৮। | সচিব, সদস্য (আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন |
| ১৯। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ২০। | সচিব, স্থানীয় সরকার বিভাগ |

| | |
|---|---|
| ২১। | সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ |
| ২২। | সচিব, তথ্য মন্ত্রণালয় |
| ২৩। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ২৪। | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ২৫। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২৬। | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২৭। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২৮। | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| ২৯। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩০। | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| ৩১। | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন |
| ৩২। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার |
| ৩৩। | মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) |
| ৩৪। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩৫। | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো |
| ৩৬। | সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন |
| ৩৭। | সভাপতি, মুক্তিযোদ্ধা সংসদ |
| ৩৮। | জনাব শায়লা পারভীন, নির্বাহী পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, সূর্যের হাসি নেটওয়ার্ক (SHN), আবেদিন টাওয়ার (৭ম তলা), ৩৫ বনানী সি/এ, বনানী, ঢাকা-১২১৩ (পরিবার পরিকল্পনা কার্যক্রমে নিয়োজিত এনজিও প্রতিনিধি) |
| ৩৯। | প্রফেসর ডাঃ ফারহানা দেওয়ান, সভাপতি, ওজিএসবি (বাংলাদেশ প্রসূতি ও গাইনোকোলজিক্যাল সোসাইটি), ফ্ল্যাট-এ-৩, ২/৩ মিরপুর রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা (পরিবার পরিকল্পনা কার্যক্রমে নিয়োজিত এনজিও প্রতিনিধি) |
| ৪০। | প্রফেসর ড. মোঃ আমিনুল হক, প্রফেসর, পপুলেশন সাইন্স ডিপার্টমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয় (জনসংখ্যা বিষয়ক বিশেষজ্ঞ) |
| ৪১। | প্রফেসর সৈয়দ আব্দুল হামিদ, প্রফেসর, ইনস্টিটিউট অব হেলথ ইকোনোমিকস, ঢাকা বিশ্ববিদ্যালয় (জনসংখ্যা বিষয়ক বিশেষজ্ঞ) |
| ৪২। | ডাঃ তাহমিদ আহমেদ, আইডিডিআর, বি (ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডাইরিয়াল ডিজিজ রিসার্স বাংলাদেশ), মহাখালী, ঢাকা (জনসংখ্যা বিষয়ক বিশেষজ্ঞ) |

**(খ) জাতীয় জনসংখ্যা পরিষদ এর কার্যপরিধি :**

১. জনসংখ্যা স্থিতিশীল পর্যায়ে আনার লক্ষ্যে জনসংখ্যা বৃদ্ধির দ্রুতহার কমানোসহ সামগ্রিকভাবে প্রজনন স্বাস্থ্য উন্নয়নে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠা এবং অগ্রসরমান সামাজিক আন্দোলনকে আরও বেগবান করার নির্দেশনা প্রদান;

২. জাতীয় পরিবার পরিকল্পনা এবং প্রজনন স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম বিষয়ক নীতির বাস্তবায়ন এবং বার্ষিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা;

৩. প্রজনন স্বাস্থ্য বিষয়ক বিবিধ সমস্যা মোকাবেলায় স্থানীয় জনগণের অংশগ্রহণ ব্যাপকতর করা এবং স্থানীয় সরকার, বেসরকারি ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহকে অধিকতর দায়িত্ব প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা ও কার্যক্রম গ্রহণের অগ্রগতি পর্যালোচনা;

৪. পরিবার পরিকল্পনা, পুষ্টি ও স্বাস্থ্য সেবা কার্যক্রমের মধ্যে সর্বোত্তম সমন্বয় সাধন, চিহ্নিত সমস্যাদি সমাধানের জন্য সময়োপযোগী নীতি ও কর্মপন্থা নির্ধারণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

**(গ) অন্যান্য সংশ্লিষ্ট বিষয় :**

(১) পরিষদের কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন ও সমন্বয় নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা এ পরিষদের প্রধান সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন;

(২) পরিষদ প্রয়োজনবোধে কোনো ব্যাক্তি বা বিশেষজ্ঞকে পরিষদে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;

(৩) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে;

(৪) পরিষদ বৎসরে অন্ততঃ দু'বার সভায় মিলিত হবে; এবং

(৫) কাজের স্বাভাবিক গতি বজায় রাখার স্বার্থে পরিষদের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেটে একটি পৃথক বাজেট লাইন থাকবে।

২। এ সংক্রান্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৫-১১-২০১৭ তারিখের ৫৯.১১৪.০৭৪.০০.০০.০০৬.২০১৭-১৬৬ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইনী আজিজ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২/৩০ এপ্রিল ২০২৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০২.২৪-১০৬—যেহেতু, জনাব মোহাম্মদ নজরুল হোসেন (বিপি-৭০৯৮০১০০৪৪), বর্তমানে বিশেষ পুলিশ সুপার, সিআইডি সদর দপ্তর, ঢাকা ইতঃপূর্বে কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ২য় এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ হিসাবে কর্মরত থাকাকালে তার রানার কং/৩৩৮৯ জনাব মোঃ মোশারফ হোসেন তপাদার-এর মাধ্যমে ২য় এপিবিএন, মুক্তাগাছার ক্যান্টিন বরাদ্দে অনিয়ম করা এবং সদর ক্যান্টিনের দায়িত্ব পছন্দের ব্যক্তিকে প্রদান করা, ক্যান্টিন/মেসে নিম্নমানের খাবার পরিবেশন করা, যোগ্য প্রার্থী থাকা সত্ত্বেও শাস্তিপ্রাপ্ত এএসআই (সশস্ত্র)/২৬৭৩ মোঃ আল-আমিন'কে অস্থায়ীভাবে গত ০১-০১-২০২০ তারিখ হতে ০১-০৩-২০২১ পর্যন্ত নিয়োগ করে ডি- স্টোরের মালামাল বিলি-বন্টনের নামে লুটপাট করার সুযোগ করে দেয়া ও অ্যাডজুটেন্ট

জনাব মোঃ মুসলেম উদ্দিন, নায়েক-অভি কুমার এবং নায়েক-মোঃ সিরাজুল ইসলাম'গণকে বদলি করার পরেও দায়িত্বে বহাল রাখা, সকল ক্রয় প্রক্রিয়ায় সিন্ডিকেট'কে সন্তুষ্ট করে ঠিকাদারের কাজ দেয়া ও ভুয়া ভাউচার সংগ্রহ করে ডি-স্টোরের কিছু মালামাল প্রদর্শন করে এক মাসের বরাদ্দ দিয়ে কয়েকমাস চালানো এবং বরাদ্দের বাকী অর্থ সিন্ডিকেট সদস্য, তিনি এবং তার স্ত্রীর মধ্যে ভাগাভাগি করা, নিজস্ব সিন্ডিকেট গড়ে তুলে পরস্পর যোগসাজশে চিরকুট/টোকেনের বিভিন্নজনকে সেরেস্তায় বদলি করা, পুলিশ অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রায় ৭,৫৪,০০০/-টাকার কোভিড-১৯ ভাইরাস সংক্রমণ মোকাবেলায় প্রয়োজনীয় মালামালের কোনো বিতরণ রেজিস্টার সংরক্ষণ না করা এবং নিজ খেয়াল খুশিমত ইলেকট্রিক সামগ্রীর জন্য একটি রেজিস্টার খুলে ৪,২৬,১৪৫/- (চার লক্ষ ছাব্বিশ হাজার একশত পঁয়তাল্লিশ) টাকার সামগ্রী ক্রয় করে তার ব্যবহার ও এ বিষয়ে তিনি নিজে বা অন্য কোনো কর্মকর্তাকেও তদারকির দায়িত্ব প্রদান না করা, করোনাকালীন গত ১০-০৫-২০২০ তারিখ ফোর্সদেরকে পিপিই ব্যতীত গাজীপুর শিল্পাঞ্চলে পাঠানো হলে পিপিই নিয়ে কথা বলায় গাজীপুরের ডিউটি হতে এসআই (নিঃ)-মোঃ মাহবুবুর রহমান'কে ক্লোজড করে শাস্তিমূলকভাবে ১৬ এপিবিএন, কক্সবাজারে প্রেষণে পাঠিয়ে দেয়া, তার স্ত্রী মিসেস ফয়জুন নাহার কং/৩৩৮৯ মোঃ মোশারফ হোসেন তপাদার-এর মাধ্যমে রাবার চোরাকারবারীদের নিকট থেকে ট্রাক প্রতি ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে মাসোহারা গ্রহণ করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত টাঙ্গাইলের মধুপুর উপজেলার ৫২০ (পাঁচশত বিশ) শতাংশ জমি তার স্ত্রী এবং স্ত্রীর বড় বোন কামরুন নাহার'দ্বয়ের নামে ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকা দিয়ে লিজ গ্রহণ করা এবং তার স্ত্রী মিসেস ফয়জুন নাহারের নামে সেগুনবাগিচাস্থ ফ্লাট ক্রয় করার জন্য ডাউন পেমেন্ট বাবদ ৩৫,০০,০০০/- টাকা এবং কিস্তি হিসাবে ৩০,০০,০০০/- টাকা পরিশোধ করা, নিজ উদ্যোগে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ব্যাটালিয়ন সদর দপ্তরে "ধীরে বহে মুক্তাগাছা" নামে একটি পার্ক প্রতিষ্ঠা করেন, সেখানে ১০/- টাকা মূল্যের টিকেটের বিনিময়ে প্রবেশের অনুমতিসহ বিভিন্ন সংগঠনকে সাংস্কৃতিক অনুষ্ঠানের নামে সেখানকার পরিবেশ নষ্ট করা, সরকারি নিয়ম-কানুনের ব্যত্যয় ঘটিয়ে নিজস্ব পদ্ধতিতে দরপত্র সিডিউল প্রস্তুতের মাধ্যমে ২০১৬-২০১৭ অর্থবছরে QTM পদ্ধতিতে ২২ হর্স পাওয়ারের জেনারেটর ৯৫,০০০/- টাকায় মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সাদিয়া এন্টারপ্রাইজের সাথে চুক্তি সম্পাদন করে কার্যাদেশ প্রদান করেন কিন্তু তিনি উক্ত কার্যাদেশ উপেক্ষা করে RFQM পদ্ধতিতে ১২ হর্স পাওয়ারের জেনারেটর ৯৫,৫০০/- টাকায় আবিদ এন্টারপ্রাইজ এর নিকট থেকে ক্রয়সহ গত ২০২০-২১ অর্থবছরে ব্যবহার্য দ্রব্যাদি খাতে আইটেম বাই আইটেমভিত্তিক ০৩ জন দরদাতাকে কার্যাদেশ প্রদান করতঃ নিরাপত্তা জামানত প্রদানের জন্য অনুরোধ করা হলে ০১ জন দরদাতা জামানত প্রদান হতে অব্যাহতির জন্য আবেদন করলে বিধি মোতাবেক উক্ত দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত করার কথা থাকলেও বাজেয়াপ্ত করেননি এবং কোনো কোনো ক্ষেত্রে প্রথম দরদাতাকে কার্যাদেশ না দিয়ে ২য়, ৩য় এমনকি ৪র্থ দরদাতাকে কার্যাদেশ প্রদান করে সরকারের আর্থিক ক্ষতি সাধন করা এবং তিনি গত ০৪-০১-২০২১ তারিখ আনুমানিক ২২.৩০ ঘটিকার সময় পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) মোঃ আব্দুল জব্বার সরকার, ২য় এপিবিএন, মুক্তাগাছার লড়ী বয় জনৈক বালক-কে ফুসলিয়ে বলাৎকারের চেষ্টা করার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগে তার বিরুদ্ধে রুজুকৃত ০০১/২০২৪ নম্বর বিভাগীয় মামলায় কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০২-০৪-২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

২। যেহেতু, শুনানিকালে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি, পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য জনাব জি এম আজিজুর রহমান (বিপি-৭০৯৫১১৯৭০৯), ডিআইজি (প্রশাসন ও অর্থ), এসবি, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত করে গত ১৯-০১-২০২৫ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩(ঘ) বিধি মোতাবেক দুর্নীতি পরায়ণতা (Corruption)- এর অভিযোগ প্রমাণিত না হলেও একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct)-এর অভিযোগসমূহ অর্থাৎ তিনি উক্ত ব্যাটালিয়নের দায়িত্ব পালনকালে কয়েকজন পুলিশ সদস্যেদের সমন্বয়ে একটি সিন্ডিকেট গঠন করে ব্যাটালিয়নের বিভিন্ন ফান্ড/সেরেস্তায় দায়িত্ব পালনকালে বিভিন্ন অনিয়মে জড়িয়ে পড়েন। সিন্ডিকেট সদস্যগণ বিভিন্ন সময়ে চিরকুট/টোকেনের মাধ্যমে ফান্ড/সেরেস্তায় পদায়ন হতে ইচ্ছুক সদস্যেদের নাম/পদবি সংগ্রহ করে তার নিকট থেকে স্বাক্ষর গ্রহণ করে বিভিন্ন ফান্ড/ সেরেস্তায় বদলি/পদায়নের ব্যবস্থা করেন। তিনি একই ব্যক্তিকে বিভাগীয় ভাণ্ডারে বারংবার পদায়নের মাধ্যমে ডি-স্টোরের মালামাল বিলি-বণ্টনে অনিয়মে জড়িয়ে পড়েন। একইসাথে তিনি OTM পদ্ধতিতে ২২ হর্স পাওয়ারের জেনারেটর ৯৫,০০০/- টাকায় মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে ক্রয় করার জন্য সাদিয়া এন্টারপ্রাইজের সাথে চুক্তি সম্পাদন করে কার্যাদেশ প্রদান করেন। কিন্তু তিনি উক্ত কার্যাদেশ উপেক্ষা করে RFQM পদ্ধতিতে ১২ হর্স পাওয়ারের জেনারেটর ৯৫, ৫০০/- টাকায় আবিদ এন্টারপ্রাইজ-এর নিকট থেকে ক্রয় করাসহ ভোজ্যতেলের ক্ষেত্রে প্রথম দরদাতাকে কার্যাদেশ না দিয়ে ২য়, ৩য়, ৪র্থ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করে মোট (৫০০+৮,৫৩,১৭০)=৮,৫৩,৬৭০/- (আট লক্ষ তেপ্পান্ন হাজার ছয়শত সত্তর) টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধন করেন। এছাড়া, বর্ণিত অনিয়ম তদারকিতে তার গাফিলতি ও কর্তব্যে অবহেলা পরিলক্ষিত হয়। অর্থাৎ তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে।

৪। সেহেতু, জনাব মোহাম্মদ নজরুল হোসেন (বিপি-৭০৯৮০১০০৪৪), বর্তমানে বিশেষ পুলিশ সুপার, সিআইডি, ঢাকা ও সাবেক কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ২য় এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন, অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৪(২) এর উপ-বিধি (১)(গ) অনুযায়ী ৮,৫৩,৬৭০/- (আট লক্ষ তেপ্পান্ন হাজার ছয়শত সত্তর) টাকা সরকারি কোষাগারে জরিমানা/ক্ষতিপূরণ হিসাবে আদায় করা এবং একই বিধিমালার ৪(২) এর উপ-বিধি (১)(ঘ) অনুযায়ী 'আগামী ০৩ (তিন) বৎসরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' দণ্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২২ বৈশাখ ১৪৩২/০৫ মে ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১০.২৪-১১০**—জনাব গোলাম বেনজীর (বিপি-৭৬০৬১০৯৮১১), বিশেষ পুলিশ সুপার, ঢাকা মেট্রো পশ্চিম, সিআইডি, ঢাকা ও সাবেক বিশেষ পুলিশ সুপার, সিআইডি, লক্ষীপুর জেলা হিসাবে কর্মরত থাকাকালে তার ভোগকৃত বিভিন্ন ছুটি পর্যালোচনায় দেখা যায় যে, গত ০১-০১-২০২৩ হতে ১৮-০৫-২০২৩ তারিখ পর্যন্ত মোট ১৩৯ (একশত উনচল্লিশ) দিনের মধ্যে ৩২ (বত্রিশ) দিন অনুমোদিত ছুটি এবং ০২ (দুই) দিন নৈমিত্তিক ছুটিসহ মোট ৩৪ (চৌত্রিশ) দিন ছুটি ভোগ করা, একইসাথে তার রেজিস্ট্রিকৃত এবং ব্যবহৃত মোবাইল নাম্বারের সিডিআর পর্যালোচনায় তিনি ১০৫ (একশত পাঁচ) দিন বিনা অনুমতিতে নিজ কর্মস্থলের বাইরে (ঢাকায়) অবস্থান করায় 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে তার বিরুদ্ধে গত ০৭-১০-২০২৪ তারিখ ০০৯/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি গত ২৩-১০-২০২৪ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ৩০-১০-২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। শুনানিকালে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ দালিলিক তথ্য-প্রমাণাদির আলোকে তার বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক গত ০১-১২-২০২৪ তারিখ ড. চৌধুরী মোঃ যাবের সাদেক (বিপি-৭৯০৬১১১৭০২), সাবেক এআইজি (আরঅ্যান্ডসিপি-২), পুলিশ অধিদপ্তর, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত সংশ্লিষ্ট সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে গত ০৫-০২-২০২৫ তারিখ সুস্পষ্ট ফাইন্ডিংসসহ পুনঃতদন্ত প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়। তিনি গত ২৭-০৪-২০২৫ তারিখ সুস্পষ্ট ফাইন্ডিংসসহ অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে পুনঃতদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। এমতাবস্থায়, জনাব গোলাম বেনজীর (বিপি-৭৬০৬১০৯৮১১), বিশেষ পুলিশ সুপার, ঢাকা মেট্রো পশ্চিম, সিআইডি, ঢাকা ও সাবেক বিশেষ পুলিশ সুপার, সিআইডি, লক্ষীপুর জেলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব, তদন্ত ও পুনঃতদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক অন্যান্য গুরুত্বপূর্ণ দলিলপত্রাদি পর্যালোচনায় অপরাধ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ বৈশাখ ১৪৩২/২১ এপ্রিল ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৪.২০২৪-২৬৮**—যেহেতু, জনাব মোঃ জুয়েল রানা (বিপি-৯০১৭১৮০৮৩২), বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার, রমনা জোন, রমনা বিভাগ, ঢাকা ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, দাউদকান্দি সার্কেল, কুমিল্লা কর্মরত থাকাকালীন গত ২৬-১২-২০২১ তারিখ কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলায় ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে ১০-১২-২০২১ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় ৩নং কালিকাপুর ইউনিয়নের ধর্মপুর নাজিম আলী উচ্চ বিদ্যালয়ে কেন্দ্রে পূর্ব নির্ধারিত বিট পুলিশিং সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বক্তব্য প্রদানকালে উল্লেখ করেন যে, "নৌকা প্রতীক পেলেই জয় নিশ্চিত নয়, স্থানীয় এমপি বা অন্য কেউ তাকে তদবির করলে তা তিনি রাখবেন না; ভোট কেন্দ্রে গিয়ে ব্যালট ছিনতাই করলে ডাইরেক্ট গুলি করা হবে; অন্যের ভোট দিতে গেলে আঙ্গুল পুলিশকে দিয়ে দিতে হবে"। উক্ত বক্তব্যের প্রেক্ষিতে ০৬-০৫-২০২৪ তারিখ ২৩২নং স্মারকমূলে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, ঢাকা জনাব মোঃ জুয়েল রানা (বিপি-৯০১৭১৮০৮৩২)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযোগের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" অভিযোগের সত্যতা প্রতীয়মান হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুসারে তাকে "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করা হয়। দণ্ডে সংক্ষুব্ধ হয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির কাছে দণ্ড মওকুফের আপিল আবেদন করেন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে জনাব মোঃ জুয়েল রানা (বিপি-৯০১৭১৮০৮৩২), অতিরিক্ত পুলিশ সুপার এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় "তিরস্কার" লঘুদণ্ড প্রদানের বিষয়ে আপিল আবেদনের ক্ষেত্রে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে আপিল আবেদন মঞ্জুর করে দণ্ডাদেশ বাতিল এর সানুগ্রহ আদেশ প্রদান করেন;

৪। সেহেতু, জনাব মোঃ জুয়েল রানা (বিপি-৯০১৭১৮০৮৩২), অতিরিক্ত পুলিশ সুপার, ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, দাউদকান্দি সার্কেল, কুমিল্লা ঢাকা (বর্তমান রমনা জোন, রমনা বিভাগ, ঢাকা)-কে প্রদত্ত "তিরস্কার" দণ্ডাদেশ এর বিরুদ্ধে আপিল আবেদন মঞ্জুর করে দণ্ডাদেশ বাতিলে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি প্রদান করায় দণ্ডাদেশ প্রত্যাহার করা করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২/৩০ এপ্রিল ২০২৫

নং **৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৪.২৫-৭৮**—যেহেতু, জনাব মোঃ আনসার আলী (বর্তমানে সাময়িক বরখাস্ত), উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [মূলপদ: ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেন্ডেন্ট, রাজশাহী] সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের অস্থায়ী কর্মচারী জনৈক মহিলা (TLR) এর সাথে পরিচিত হন। অত:পর মোবাইল ফোন ও WhatsApp এর মাধ্যমে পরিচয়ের গভীরতা বৃদ্ধি পায় এবং উক্ত মহিলাকে বিবাহের আশ্বাস প্রদান করে অনৈতিক কাজে লিপ্ত হন। পরবর্তীতে বিবাহ করতে অস্বীকার করলে বর্ণিত মহিলা (অস্থায়ী কর্মচারী) কর্তৃক ধর্ষণের অভিযোগ দাখিল করা হয়; এবং

যেহেতু, বর্ণিত অভিযোগের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আনসার আলী, উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [মূলপদ: ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেন্ডেন্ট, রাজশাহী] এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে ২০-০৩-২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ২১-০৪-২০২৫ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানি গ্রহণকালে তিনি লিখিত জবানবন্দি প্রদান করেন; এবং

যেহেতু, অভিযোগকারীর অভিযোগ, কারণ দর্শানোর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণক ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে রাজশাহীর "Way Home" হোটেলে অভিযোগকারীর সাথে দেখা হবার কথা প্রথমে অস্বীকার করলেও পরবর্তীতে দেখা হবার কথা স্বীকার করেছেন। তাছাড়া অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য স্ববিরোধী। অভিযোগকারীর সাথে রাজশাহী, সৈয়দপুর, চট্টগ্রাম কোথাও দেখা হবার কথা অস্বীকার করলেও ব্যক্তিগত শুনানিতে তিনি রাজশাহীতে অভিযোগকারী কর্তৃক তাকে পিঠা খাওয়ানোর কথা জানান এবং পরবর্তীতে রাজশাহীর "Way Home" হোটেলে ঘুম ভাঙ্গার পরে নিজেকে শুয়ে থাকা অবস্থায় দেখতে পান মর্মে জানান; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ের উপপরিচালক (টিসি) এর মত গুরুত্বপূর্ণ পদে থেকে বাংলাদেশ রেলওয়ের অস্থায়ী কর্মচারী জনৈক মহিলা (TLR) এর সাথে অনৈতিক ও গর্হিত কার্যকলাপ অনভিপ্রেত ও অসদাচরণের সামিল; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবানবন্দি এবং বিভাগীয় মামলা সংক্রান্ত আনুষঙ্গিক দলিলাদি পর্যালোচনা করে জনাব মো: আনসার আলী, উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [মূলপদ: ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেন্ডেন্ট, রাজশাহী] এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী অসদাচরণ-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাকে "বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মো: আনসার আলী, উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [মূলপদ: ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেন্ডেন্ট, রাজশাহী] কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধিমতে "বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। উল্লেখ্য, তার সাময়িক বরখাস্তকালকে 'অসাধারণ ছুটি' হিসাবে গণ্য করা হবে এবং সাময়িক বরখাস্তকালে অভিযুক্ত কর্মকর্তাকে রাষ্ট্র কর্তৃক প্রদত্ত খোরপোষ ভাতা ফেরত প্রদান করতে হবে না। একই সঙ্গে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: ফাহিমুল ইসলাম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ (সমন্বয়)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/২৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: গোয়েন্দা কার্যক্রমে নিযুক্ত কর্মচারীগণের পুরস্কার প্রদান নীতিমালা, ২০২২-এ আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিটকে অন্তর্ভুক্তকরণ।**

**সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০১.১৯.০৬৭.২০-৫৬, তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৫(২) অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৭২.২২.০০২.২১-৭৭, তারিখ: ১৫ এপ্রিল ২০২৫।**

**নং ০৮.০০.০০০০.০০০.০২৩.২২.০০০৫.২১.১৪৩**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে 'গোয়েন্দা কার্যক্রমে নিযুক্ত কর্মচারীগণের পুরস্কার প্রদান নীতিমালা, ২০২২'-এ 'আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট'-কে নির্দেশক্রমে অন্তর্ভুক্ত করা হলো।

২। এ বিষয়ে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

**মোঃ সামীম আহসান**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০৬ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-২).১৬**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক দিয়ারা সেটেলমেন্ট অপারেশন জোনের ০২টি মৌজায় ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | চর হাসিনা (৯৮ নং জাহানপুরের অংশ) | নবগঠিত | চর ফ্যাশন | ভোলা | চর দুটির কিস্তোয়ার ডাটা সংগ্রহের কার্যক্রম সমাপ্ত হওয়ার পর The Bengal Survey and Settlement Mannual 1935 এর ৩২১ ধারার আলোকে উক্ত চর দুটিতে নতুন মৌজা গঠন ও নামকরণের প্রস্তাব প্রেরণ করতে হবে। |
| ০২ | চর আশরাফ | নবগঠিত | চর ফ্যাশন | ভোলা | |

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/০৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-২).২৫**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক দিয়ারা সেটেলমেন্ট অপারেশন জোনের ২৫টি মৌজায় ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ০১ | আশ্রাফদি | ০৫ (এস. এ-২) | গজারিয়া | মুন্সীগঞ্জ |
| ০২ | চর বাউসিয়া | ১০৪ | গজারিয়া | মুন্সীগঞ্জ |
| ০৩ | চর জাজিরা | ১০৫ | গজারিয়া | মুন্সীগঞ্জ |
| ০৪ | চর কেশবপুর | ২১ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ০৫ | চর নবীনগর | ২২ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ০৬ | চর ঝাউবোনা | ২৪ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ০৭ | জাজিরা চর ডুমুরিয়া | ২৫ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ০৮ | চর মাঝের দিয়ার | ২৬ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ০৯ | নয়া মাঝের দিয়ার | ২৭ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১০ | মাঝার দিয়ার | ২৮ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১১ | বিবাদী তারানগর | ২৯ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১২ | চর খিদিরপুর | ৩০ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১৩ | দিয়ার খিদিরপুর | ৩১ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১৪ | দিয়ার শিবনগর | ৩৩ | পবা (সাবেক বোয়ালিয়া) | রাজশাহী |
| ১৫ | শ্যামপুর | ১৪৯ | পবা | রাজশাহী |
| ১৬ | কন্দর্পপুর | ২১ (এস এ-৫) | ভোলা সদর | ভোলা |
| ১৭ | দাইয়া | ২৩ (এস এ-৬) | ভোলা সদর | ভোলা |
| ১৮ | শ্যামপুর | ২৭ (এস এ-৮) | ভোলা সদর | ভোলা |
| ১৯ | চর গাজি | ৬০ (এস এ-৯০) | ভোলা সদর | ভোলা |
| ২০ | চন্দ্র প্রসাদ | ৯৩ (এস এ-৯১) | ভোলাসদর | ভোলা |
| ২১ | চর বৈরাগিয়া | ০১ | দৌলত খান | ভোলা |
| ২২ | পশ্চিম নিয়ামতপুর | ০৮ | দৌলত খান | ভোলা |
| ২৩ | নিয়ামতপুর | ০৯ | দৌলত খান | ভোলা |
| ২৪ | আর কলমি | ৫০ (এস এ-১১৬) | চর ফ্যাশন | ভোলা |
| ২৫ | চর নূর উদ্দিন | ৪৯ (এস এ-১১৭) | চর ফ্যাশন | ভোলা |

২। ভূমি মন্ত্রণালয়ের ০৬ মার্চ ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-২).১৫ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
যুগ্মসচিব।

---

**শাখা নং-১**

**এল.এ কেস নং-০২/১৯৭৪-১৯৭৫**

**'ঘ' ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২/০৬ মে ২০২৫

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০২৮.২৫.১০৯**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩০-১০-৭৮ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতায় রয়েছে।

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারার প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারার প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

মৌজা-পাথালিয়া, জে.এল. নং-৫৭৩, উপজেলা-সাভার, জেলা-ঢাকা।

| সি.এস দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৪৯৮ | পূর্ণ | ১.৩১০০ |
| ৪৯৯ | পূর্ণ | ১.০৩০০ |
| ৫০০ | আংশিক | ৩.৯৪০০ |
| ৫১৫ | পূর্ণ | ০.৭০০০ |
| ৫১৬ | পূর্ণ | ০.৮৬০০ |
| ৫১৭ | পূর্ণ | ০.৭৮০০ |
| ৫১৮ | পূর্ণ | ০.৬১০০ |
| ৫১৯ | পূর্ণ | ৪.১৬০০ |
| ৫২৪ | আংশিক | ১৬.৩৬০০ |
| | মোট = | ২৯.৭৫০০ একর |

মৌজা-টাকশুর, জে.এল. নং-৫৭৮, উপজেলা-সাভার, জেলা-ঢাকা।

| সি.এস দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৮৬/১০০ | আংশিক | ২.০৮০০ |
| | মোট= | ২.০৮০০ একর |

সর্বমোট জমির পরিমাণ =৩১.৮৩০০ একর কম/বেশি।

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২/১২ মে ২০২৫

নং **৪৩.০০.০০০০.১১৪.৯৯.১৬১.২৪(অংশ)-২০২**—শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় সেক্টর-বি এর (প্লট নম্বর ০৫) 'গণভবন' নামে পরিচিত স্থাপনাটিকে 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর' হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত ১৩ সদস্য বিশিষ্ট একটি পরামর্শক কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | | নাম ও পদবি |
|---|---|---|
| ০১. | সভাপতি | মোস্তফা সরয়ার ফারুকী, উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ০২. | সদস্যবৃন্দ | স্থপতি মেরিনা তাবাসসুম |
| ০৩. | | জনাব মুসতাইন বিল্লাহ, লেখক ও মানবাধিকার কর্মী |
| ০৪. | সদস্যবৃন্দ | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| ০৫. | | মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর |
| ০৬. | | মহাপরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |
| ০৭. | | মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ০৮. | | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর |
| ০৯. | | জনাব মো. আসিফুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর |
| ১০. | | জনাব তানজিম ওয়াহাব, পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১১. | | জনাব আব্দুল হালিম চঞ্চল, পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১২. | | সভাপতি বা তার প্রতিনিধি, বাংলাদেশ ইন্সটিটিউট অব আর্কিটেক্টস |
| ১৩. | | জনাব মো. সাইদুল আলম খান (সাইদ খান সাগর), ফিল্মমেকার, চলচ্চিত্র সমালোচক ও শিক্ষার্থী প্রতিনিধি। |

২। **পরামর্শক কমিটির কার্যপরিধি:**

এই কমিটি 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর' প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর- কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

৩। ইতঃপূর্বে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে গত ২৭-০১-২০২৫ তারিখের ৬২ সংখ্যক পত্রে জারীকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. সাইফুল ইসলাম**
উপসচিব।

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**পরিবেশ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/১২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২২.০০.০০০০.০০০.০৭৪.৩১.০০২৪.২০.১৫৬**—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ধারা ৫ এর ক্ষমতাবলে সুন্দরবন রিজার্ভ ফরেস্টের চতুর্দিকে বিস্তৃত ১০ কিলোমিটার প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) এর মধ্যে নতুন কোনো শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প নির্মাণে নিষেধাজ্ঞা আরোপ করা হল। তবে, প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণার আলোকে প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ ও পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমন এবং টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবরীনা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## (সরকারি মাধ্যমিক-২)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/০৭ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯১.০১.০২০.৯৮-২৬১**—The Intermediate and Secondary Education Ordinance, 1961-এর Section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত শিক্ষক/ কর্মকর্তাগণকে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর বোর্ড কমিটি'র সদস্য পদে মনোনয়ন প্রদান করেছেন:

১. অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।
২. অধ্যক্ষ, কুমিল্লা শিক্ষা বোর্ড সরকারি মডেল কলেজ, শাকতলা, আদর্শ সদর রামমালা, কুমিল্লা।
৩. প্রফেসর মাহফুজুল আলম, যুগ্ম-পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।
৪. প্রধান শিক্ষক, ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনী।
৫. প্রধান শিক্ষক, নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফেনী।

নং **৩৭.০০.০০০০.০৯১.০১.০২০.৯৮-২৬২**—The Intermediate and Secondary Education Ordinance, 1961-এর Section 4-এর clause (X-XI)-এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে নিম্নোক্ত ০২ (দুই) জন শিক্ষাব্রত ব্যক্তিকে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর বোর্ড কমিটি'র সদস্য পদে মনোনয়ন প্রদান করেছেন:

১. প্রফেসর মো: ইউসুফ
সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
বর্তমান ঠিকানা: হাইপিরিয়ন গাউসল আজম এপার্টমেন্ট, ৯২৬/এ, প্রথম কলোনি ফ্ল্যাট#৪০২, মাজার রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
২. প্রফেসর এম, এম, শফিউদ্দিন
সাবেক অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
বর্তমান ও স্থায়ী ঠিকানা: ৯৩২/২, লাকী হাউস, দক্ষিণ চর্থা, লাকসাম রোড, কুমিল্লা।

**মো: ইয়ানুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৮.১৪-১৪৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মাছুম বিল্লাহ, জন্ম তারিখ: ২০-১০-১৯৯৪ খ্রি. পিতা: মফিজুর রহমান, মাতা: ফাতেমা বেগম, গ্রাম: ১৪১/১৭১ গোবিন্দপুর, ওয়ার্ড নং-০৭, ডাকঘর: কুমিল্লা, উপজেলা: আদর্শ সদর, জেলা: কুমিল্লা, কুমিল্লা সিটি কর্পোরেশন।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশন ০৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।